


জাতীয়

হাসিনাকে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের বিকল্প ছিল না: ভারতীয় হাইকমিশনার

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শনিবার, ০৩ অক্টোবর ২০২৬, ০৫:০১ PM



২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনাকে ভারতে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের হাতে তেমন কোনো বিকল্প ছিল না বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী।

শনিবার (৩ অক্টোবর) রাজধানীতে পঞ্চম ংবে অব বেঙ্গল কনভারসেশন-এর একটি অধিবেশনে প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

দীনেশ ত্রিবেদী বলেন, শেখ হাসিনা যখন ভারতে যান, তখন তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রী ছিলেন। তাকে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের সামনে তেমন কোনো বিকল্প ছিল না।

শেখ হাসিনাকে বাংলাদেশে প্রত্যাপনের বিষয়ে প্রশ্ন করা হলে ভারতীয় হাইকমিশনার বলেন, বিষয়টি বুঝতে হলে ঐতিহাসিক প্রেক্ষাপটে যেতে হবে। ভারত সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এ বিষয়ে বারবার বলেছেন, প্রত্যাপনের একটি নির্দিষ্ট আইনি প্রক্রিয়া রয়েছে। সেই প্রক্রিয়ার সঙ্গে আইনি বৈধতা জড়িত এবং এটি বেশ সুগঠিত।

তিনি বলেন, এ বিষয়ে প্রক্রিয়া চলমান। এর সঙ্গে আদালতের বিষয়ও জড়িত। তাই কেউ নির্দিষ্ট সময়সীমা দিতে পারবেন না।

দীনেশ ত্রিবেদী বলেন, শেখ হাসিনাকে ভারতের বিমানবাহিনী বা সেনাবাহিনী ভারতে নিয়ে যায়নি। বাংলাদেশের তৎকালীন মর্মান্তিক পরিস্থিতির কারণেই এমনটি ঘটেছিল। এমন পরিস্থিতি যেন আর কখনো না ঘটে, সেটিই আশা ও প্রার্থনা। পৃথিবীর যে প্রান্তেই নির্দোষ মানুষ নিহত হোক না কেন, তা কাম্য নয়।

ভারতীয় হাইকমিশনার বলেন, শেখ হাসিনাকে বহনকারী সামরিক বিমানটি ভারতে এসেছিল। এর জন্য ভারত প্রস্তুত ছিল না। তিনি তখন টেলিভিশনে খবর দেখছিলেন। সেখানে স্ক্রলে বলা হচ্ছিল, শেখ হাসিনা অন্য কোনো দেশে যাচ্ছেন।

দীনেশ ত্রিবেদী বলেন, সেই সময় শেখ হাসিনা বাংলাদেশের প্রধানমন্ত্রী ছিলেন। প্রতিবেশী হিসেবে বাস্তবতাকে মেনে নেওয়া ভারতের দায়িত্ব ছিল। এ ক্ষেত্রে ভারতের হাতে তেমন কোনো বিকল্প ছিল না।

তিনি বলেন, অনেক সময় এমন পরিস্থিতি তৈরি হয়, যার জন্য কেউ প্রস্তুত থাকে না। ভারত যদি বলত, তারা শেখ হাসিনাকে গ্রহণ করবে না বা বিমান অবতরণের অনুমতি দেবে না, তাহলে পরিস্থিতি কী দাঁড়াত, তা বলা কঠিন।

দীনেশ ত্রিবেদী বলেন, এটাই ছিল ওই সময়ের ঐতিহাসিক বাস্তবতা। তবে শেখ হাসিনার প্রত্যাপনের বিষয়টি আলাদা। এ নিয়ে আইনি প্রক্রিয়া চলছে।

তিনি আরও বলেন, ভারতও বাংলাদেশের মতো একটি প্রাণবন্ত গণতান্ত্রিক দেশ। বাংলাদেশও আইনি ব্যবস্থাকে সম্মান করবে বলে তিনি আশা করেন। আইনি ব্যবস্থা তার নিজস্ব প্রক্রিয়ায় কাজ করছে।

এ বিভাগের আরও খবর



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকা...



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪

সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেকিটি ফাউন্ডেশনের মাস...



বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শ...



পবিত্র মদিনায় হুথিদের হামলা, তীব্র নিন্দা জানাল বাংলাদেশ

সৌদি আরবের পবিত্র মদিনাশহরে তাইবাহ বিদ্যুৎকেন্দ্রে হুথিদের ছোঁন হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার।গোববার (৪ অক্টোবর) এক বিবৃতিতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/hasinake-ashry-deoya-chhara-bharter-biklp-chhil-na-bhartiy-haikmishnar>